রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিষ্টাব্দ

**এস. আর, ও নং ৩৪-আইন/২০১৫/৭২২-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৪১ক হইতে ৪১ট এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর (বিকল্প বিরোধ নিস্পত্তি) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ঘ) "বিরোধীয় বিষয়" অর্থ আইনের ধারা (৪১গ) তে বর্ণিত বিষয়";

(খ) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(চ) "ফি" অর্থ ধারা ৪১ক হইতে ৪১ট এর উদ্দেশ্যপূরণকল্পে, এই বিধিমালার বিধি ১১ এর বিধান অনুযায়ী সহায়তাকারীকে প্রদেয় অর্থ;" এবং

(গ) দফা (ছ) বিলুপ্ত হইবে।

(২) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) এবং (১ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) মূল্য সংযোজন কর কমিশনারেট, আপীলাত কমিশনারেট বা, ক্ষেত্রমত, আপীলাত ট্রাইব্যুনালে নিষ্পন্নাধীন ধারা ৪১গ এর অধীন কোন বিরোধ নিষ্পত্তি করিতে চাহিলে, সংশ্লিষ্ট করদাতাকে সহায়তাকারী নিয়োগের উদ্দেশ্যে উক্ত কমিশনারেট, আপীলাত কমিশনারেট বা, ক্ষেত্রমত, আপীলাত ট্রাইব্যুনালে ফরম-১ এ যথাক্রমে দুই সেটে এবং তিন সেটে আবেদন করিতে হইবে।

(১ক) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত বিধি ১১ এর টেবিলে উল্লিখিত বিরোধীয় বিষয়ের মূল্যমান অনুসারে প্রদেয় ফি পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদানপূর্বক ৫০০/- টাকার মূল্যমানের স্ট্যাম্প ও বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট প্রাসঙ্গিক দলিলাদি দাখিল করিতে হইবে।";

(খ) উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(গ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদনপ্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনারেট, আপীলাত কমিশনারেট বা, ক্ষেত্রমত, আপীলাত ট্রাইব্যুনাল ফরম-২ অনুযায়ী প্রস্তুতকৃত রেজিস্টারে আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির বিবরণসমূহ লিপিবদ্ধ করিবে।";

(ঘ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪) উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনারেট বিধি ৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে ১ (এক) কার্যদিবসের মধ্যে একজন সহায়তাকারী ও বিধি ১০ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে একজন বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন প্রদান করিবেন এবং উক্ত মনোনয়নের বিষয়ে ২(দুই) কার্যদিবসের মধ্যে সহায়তাকারী, আবেদনকারী ও বিভাগীয় প্রতিনিধিকে অবহিত করিবেন। অতপরঃ পরবর্তী ২ (দুই) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটের মন্তব্য, আবেদনপত্র এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রসহ তথ্যাদি মনোনীত সহায়তাকারীর নিকট প্রেরণ করিবেন।";

(ঙ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৫) উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট আপীলাত কমিশনারেট বা, ক্ষেত্রমত, আপীলাত ট্রাইব্যুনাল বিধি (৫) এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে একজন সহায়তাকারীকে এবং বিধি (১০) এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে একজন বিভাগীয় প্রতিনিধিকে মনোনয়ন প্রদান করিবেন এবং উক্ত মনোনয়নের বিষয়ে ২(দুই) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট সহায়তাকারী, আবেদনকারী ও বিভাগীয়

প্রতিনিধিকে অবহিত করিবেন। অতপরঃ পরবর্তী ৪ (চার) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটের মন্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্রসহ তথ্যাদি উক্ত সহায়তাকারীকে প্রেরণ করিবেন।";

(চ) উপ-বিধি (৬) বিলুপ্ত হইবে;

(৩) বিধি ৪ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "যাইবে না" শব্দগুলির পরিবর্তে "যাইবে" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৬ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৪) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় বিরোধীয় বিষয়ে উভয়পক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে সিদ্ধান্ত হইলে, সহায়তাকারী ফরম-৩ এ মতৈক্যের শর্তসমূহ লিপিবদ্ধ করিবেন এবং সহায়তাকারীসহ উভয়পক্ষ উক্ত লিপিবদ্ধকৃত সিদ্ধান্তে স্বাক্ষর করিবেন এবং স্বাক্ষরের তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট কমিশনারেট, আপীলাত কমিশনারেট বা, ক্ষেত্রমত, আপীলাত ট্রাইব্যুনালে প্রেরণ করিবেন।";

(৫) বিধি ৯ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "যদি" শব্দটি বিলুপ্ত হইবে;

(৬) বিধি ১১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১১ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

**"১১। সহায়তাকারীর ফি।**—(১) আইন ও এই বিধিমালার আওতাধীন কোন বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মনোনীত সহায়তাকারীকে নিম্নের টেবিলে বর্ণিত হারে বিরোধীয় বিষয়ের মূল্যমান অনুসারে ফি প্রদান করিতে হইবে, যথা ঃ—

**টেবিল**

| ক্রমিক নং | বিরোধীয় বিষয়ের মূল্যমান | ফি এর হার |
|---|---|---|
| | (১) | (২) |
| (১) | ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ৫% |
| (২) | ২,০০,০০১/-(দুই লক্ষ এক) টাকা হইতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ৪% [তবে অনধিক ১৫ (পনের) হাজার টাকা]। |
| (৩) | ৫,০০,০০১/- (পাঁচ লক্ষ এক) টাকা হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ৩% [অনধিক ২৫ (পঁচিশ) হাজার টাকা]। |
| (৪) | ১০,০০,০০১/- (দশ লক্ষ এক) টাকা হইতে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ২.৫% [অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা]। |
| (৫) | ২৫,০০,০০১/- (পঁচিশ লক্ষ এক) টাকা এর উর্ধ্বে | বিরোধীয় মূল্যের ২% [অনধিক ১(এক) লক্ষ টাকা]। |

(২) উপ-বিধি(১) এ বর্ণিত সহায়তাকারীর ফি উভয়পক্ষ সমান হারে প্রদান করিবে এবং উক্ত ফি "সহায়তাকারীর ফি" শীর্ষক হিসাবে জমা প্রদান করিবে।

(৩) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া ও এতদ্‌সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন হইবার পর ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে এই বিধি অনুযায়ী সহায়তাকারীকে ফি প্রদান করিতে হইবে। এবং

(৭) ফরম-১ এবং ফরম-৩ এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ নূতন ফরম-১ এবং ফরম-৩ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

**ফরম-১**

**[বিধি ৩ (১) দ্রষ্টব্য ]**
**বিকল্প বিরোধ নিষ্পত্তি আবেদনপত্র ফরম**
**[ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪১ক-৪১ট ]**

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা<br>(খ) আবেদনকারীর Tax Identification Number (TIN), Business Identification Number (BIN), Import Registration Certificate (IRC), ফোন নম্বর | ঃ | |
| ২। | (ক) আবেদনে বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থা<br>(অ) বিরোধের প্রকৃতি ঃ<br>মূল্য সংযোজন করযোগ্য মূল্য নির্ধারণ/মূল্য সংযোজন করযোগ্য মূল্যজনিত কারণে উত্থিত দাবীনামা বা রিফান্ড বা রেয়াত বা সমন্বয়/টার্ণওভার কর/ধারা ৩৭(১)/ধারা ৩৭(২) এর শর্ত সংক্রান্ত বিরোধ (সঠিকটিতে (√) চিহ্ন দিয়ে অন্যগুলো কাটিয়া দিন)।<br>(আ) বিরোধের বর্তমান অবস্থা ঃ<br>ন্যায় নির্ণয়াধীন/আপীলাধীন/রীট মামলাধীন।<br>(খ) বিরোধীয় (disputed) বিষয় সংশ্লিষ্ট দপ্তরের নাম, ঠিকানা | ঃ | |
| ৩। | বিরোধীয় (disputed) পণ্য বা সেবার নাম, বিবরণ, পরিমাণ | ঃ | |
| ৪। | বিরোধ সংক্রান্ত নথি/আদেশ নম্বর ও তারিখ | ঃ | |
| ৫। | বিরোধীয় (disputed) মূল্য বা দাবিনামা বা অর্থদন্ড বা জরিমানা বা রিফান্ডের পরিমাণ | ঃ | |
| ৬। | বিরোধীয় (disputed) বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | ঃ | |
| ৭। | বিরোধের সমর্থনে প্রাসঙ্গিক দলিলাদির নাম ও বিবরণ এবং সংযুক্তি<br>(ক) ------------<br>(খ) ------------<br>(গ) ------------ | ঃ | |

স্বাক্ষর ঃ

নাম ঃ

পদবী ঃ

তারিখ ঃ

**ফরম-৩**

**[বিধি ৬ (৪) ও (৫) দ্রষ্টব্য]**

**বিকল্প বিরোধ নিষ্পত্তি আবেদনপত্র ফরম নিষ্পত্তি সংক্রান্ত তথ্য**

**[মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪১ক-৪১ট]**

| | | | |
|---|---|---|---|
| ১. | আবেদনকারীর নাম ও ঠিকানা | ঃ | |
| ২. | আবেদনপত্র প্রাপ্তির তারিখ | ঃ | |
| ৩. | আবেদনে বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থা (ফরম-১ অনুসারে) | ঃ | |
| ৪. | বিরোধীয় পণ্য/সেবার নাম, বিবরণ ও পরিমাণ | ঃ | |
| ৫. | বিরোধীয় মূল্য/দাবীনামা/অর্থদন্ড/জরিমানা/রিফান্ড/ শুল্ক কর এর পরিমাণ | ঃ | |
| ৬. | বিরোধীয় বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | ঃ | |
| ৭. | বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট বি/ই নথি/আদেশ নম্বর ও তারিখ | ঃ | |
| ৮. | সহায়তাকারীর নাম, পদবী ও ঠিকানা | ঃ | |
| ৯. | সহায়তাকারী কর্তৃক বিরোধীয় বিষয়ে নির্ধারিত বিবেচ্য বিষয়সমূহ (বিরোধীয় পক্ষগণের সাথে আলোচনাপূর্বক) | ঃ | |
| ১০. | (অ) বিরোধীয় পক্ষগণের মধ্যে অনুষ্ঠিত আলোচনার স্থান ও তারিখ<br>(আ) আলোচনা ও গৃহীত সিদ্ধান্তঃ মূসক বিরোধ বিষয়ে সিদ্ধান্ত ঃ মতৈক্য/মতানৈক্য-যাহা প্রযোজ্য সেটিতে ($\surd$) চিহ্ন দিয়ে অন্যটি কাটিয়া দিন। [মতৈক্যের ক্ষেত্রে মতৈক্যের শর্তসমূহ প্রদেয় কর পরিশোধ বা রিফান্ড প্রদানের তারিখ উল্লেখসহ এবং মতানৈক্য হইলে যে বিষয়ে মতানৈক্য হইয়াছে তাহার বিবরণ] | ঃ | |
| ১১. | সিদ্ধান্ত গ্রহণের তারিখ, সময় ও স্থান | ঃ | |
| ১২. | সহায়তাকারীসহ পক্ষগণের স্বাক্ষর, নাম, পদবী ও তারিখ | ঃ | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**

চেয়ারম্যান।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd